গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
প্রশাসন শাখা
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২।
www.bba.gov.bd

স্মারক নং-৫০.০১.০০০০.১০৩.১১.০০২.২০- ৪১৭

তারিখ: ২৯ কার্তিক ১৪২৯ / ১৪ নভেম্বর ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের রাজস্বভুক্ত পদে নিম্নবর্ণিত শর্তে জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা | যে সব জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১. | আপার ডিভিশন এসিস্ট্যান্ট<br>বেতনস্কেল: টাকা ১১০০০ - ২৬৫৯০<br>(গ্রেড-১৩) | ০১<br>(এক) | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা। | মাদারীপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, ব্রাহ্মনবাড়িয়া, কুমিল্লা, সিরাজগঞ্জ, নওগাঁ, দিনাজপুর, মাগুরা, কুষ্টিয়া, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর ও বরগুনা জেলা ব্যতীত অন্যান্য সকল জেলা।<br><br>সকল জেলার এতিম ও প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২. | একাউনটেন্ট<br>বেতনস্কেল: টাকা ১১০০০ - ২৬৫৯০<br>(গ্রেড-১৩) | ০২<br>(দুই) | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা। | |
| ০৩. | স্টোর কিপার<br>বেতনস্কেল: টাকা ১০২০০ - ২৪৬৮০<br>(গ্রেড-১৪) | ০১<br>(এক) | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২(দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা। | |
| ০৪. | অডিট এসিস্ট্যান্ট<br>বেতনস্কেল: টাকা ১০২০০ - ২৪৬৮০<br>(গ্রেড-১৪) | ০১<br>(এক) | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা বা বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২(দুই) বৎসরের চাকরির অভিজ্ঞতা। | |
| ০৫. | সার্ভেয়ার<br>বেতনস্কেল: টাকা ৯৩০০ - ২২৪৯০<br>(গ্রেড-১৬) | ০২<br>(দুই) | ৩০ বৎসর | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে সার্ভে ডিপ্লোমা। | |
| ০৬. | লিফট অপারেটর<br>বেতনস্কেল: টাকা ৯০০০ - ২১৮০০<br>(গ্রেড-১৭) | ০১<br>(এক) | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | ফরিদপুর, গোপালগঞ্জ, চাঁদপুর, বরিশাল, লালমনিরহাট, পিরোজপুর ও হবিগঞ্জ জেলা ব্যতীত অন্যান্য সকল জেলা।<br><br>সকল জেলার এতিম ও প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০৭. | এ্যামোনিয়া প্রিন্ট অপারেটর<br>বেতনস্কেল: টাকা ৯০০০ - ২১৮০০<br>(গ্রেড-১৭) | ০১<br>(এক) | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) এ্যামোনিয়া প্রিন্ট মেশিন পরিচালনায় অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |
| ০৮. | প্রসেস সার্ভার<br>বেতনস্কেল: টাকা ৮৮০০ - ২১৩১০<br>(গ্রেড-১৮) | ০১<br>(এক) | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। | |
| ০৯. | অফিস সহায়ক<br>বেতনস্কেল: টাকা ৮২৫০ - ২০০১০<br>(গ্রেড-২০) | ৪৮<br>(আটচল্লিশ) | ৩০ বৎসর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

**আবেদনের শর্ত ও নিয়মাবলী:**

০১. ২৫ মার্চ ২০২০ তারিখে প্রার্থীর বয়সসীমা অনুর্ধ্ব ৩০ বছর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা অনুর্ধ্ব ৩২ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা অনুর্ধ্ব ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

০২. মাননীয় সুপ্রীম কোর্টের আপীল বিভাগের দায়েরকৃত সিভিল আপীল নং ৪৬০/২০১৭ (সিভিল রিভিউ পিটিশন-১৮১/২০১৮) এর রায় অনুযায়ী বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অধীন সমাপ্ত প্রকল্পে কর্মরতদের বয়স শিথিল যোগ্য। তবে মৌখিক পরীক্ষার সময় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অধীন সমাপ্ত প্রকল্পের নিয়োগপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

০৩. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

০৪. নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধিবিধান প্রতিপালিত হবে;

০৫. আবেদনকারী বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ওয়েবসাইট www.bba.gov.bd তে প্রবেশ করে **e-Recruitment Menu** অথবা https://eservice.bba.gov.bd/recruitment/ এর মাধ্যমে **আগামী ১৫ নভেম্বর ২০২২ তারিখ সকাল ০৯.০০ টা থেকে শুরু হয়ে ১৫ ডিসেম্বর ২০২২ তারিখ বিকাল ০৪.০০ টা পর্যন্ত আবেদন করতে পারবেন;**

০৬. আবেদনপত্রে প্রার্থীকে তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবি ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৫০ kb-এর মধ্যে হতে হবে;

০৭. নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Auto Generated Registration Card পাবেন। সফলভাবে আবেদন করার পর আবেদনকারীর মোবাইলে এসএমএস ও ইমেইলে (যদি দেয়া হয়ে থাকে) একটি User ID ও Password প্রেরণ করা হবে। উক্ত রেজিস্ট্রেশন কার্ডে ফি পরিশোধের নির্দেশনা দেয়া থাকবে। রেজিস্ট্রেশন কার্ডটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে;

০৮. **প্রার্থীকে সফলভাবে আবেদনপত্র Submit করার ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে বিকাশের (bKash) মাধ্যমে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) ক্রমিক নং ০১ থেকে ক্রমিক নং ০৫ পর্যন্ত প্রতিটি পদের জন্য ২০০.০০ টাকা এবং অনলাইন ফি বাবদ ১০.০০ টাকাসহ সর্বমোট ২১০.০০ (দুইশত দশ) টাকা এবং ক্রমিক নং ০৬ থেকে ক্রমিক নং ০৯ পর্যন্ত প্রতিটি পদের জন্য ১০০.০০ টাকা এবং অনলাইন ফি বাবদ ১০.০০ টাকাসহ সর্বমোট ১১০.০০ (একশত দশ) টাকা পরিশোধ করতে হবে। আবেদন করার ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে ফি পরিশোধে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;**

০৯. User ID ও Password দিয়ে প্রার্থী নিজস্ব তথ্য উক্ত ওয়েবসাইট লিঙ্ক হতে পুনরুদ্ধার করতে পারবেন;

১০. **বিকাশের মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া:**

**১ম ধাপ:** আবেদনের ওয়েবসাইটের **e-Recruitment menu**-তে ক্লিক করে লগইন অপশন 'Applicant Login' বাটনে ক্লিক করুন;

**২য় ধাপ:** User ID ও Password প্রদান করে Applicant Dashboard-এ প্রবেশ করুন;

**৩য় ধাপ:** 'Payment Information/Download Admit Card' মেনুতে ক্লিক করুন;

**৪র্থ ধাপ:** 'Pay With bKash' লিংক-এ ক্লিক করার পর একটি পপআপ উইন্ডো আসবে। পপআপ উইন্ডো এর 'your bKash Account number' টেক্সটবক্সে যে বিকাশ এ্যাকাউন্ট থেকে ফি পরিশোধ করা হবে সেটি প্রদান করুন;

**৫ম ধাপ:** বিকাশ এ্যাকাউন্ট প্রদান করার পর 'CONFIRM' বাটনে ক্লিক করুন;

**৬ষ্ঠ ধাপ:** বিকাশ থেকে একটি গোপন 'Verification Code' প্রদানকৃত বিকাশ এ্যাকাউন্টের নম্বরে এসএমএস প্রেরণ করা হবে। 'Verification Code' টি প্রদান করে 'CONFIRM' বাটনে ক্লিক করুন;

**৭ম ধাপ:** বিকাশ এ্যাকাউন্টের PIN নম্বরটি প্রদান করে 'CONFIRM' বাটনে ক্লিক করুন;

**৮ম ধাপ:** সফলভাবে ফি পরিশোধ হয়ে গেলে 'Transaction Successful Your Payment has been successfully completed…' মেসেজ দেখাবে এবং আবেদনকারী প্রবেশপত্র ডাউনলোড ও প্রিন্ট করে সংরক্ষণ করবেন;

১১. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের Website এবং প্রার্থীর মোবাইল (Mobile) ফোনে SMS এর মাধ্যমে (কেবল যোগ্য প্রার্থীদেরকে) পরীক্ষার তারিখ, স্থান ও সময় জানিয়ে দেয়া হবে;

১২. প্রার্থীর যোগ্যতা যাচাই:

ক. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সনদসমূহের ফটোকপি জমা দিতে হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র পাওয়া গেলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর আবেদন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

খ. জেলার স্থায়ী বাসিন্দা বাংলাদেশের নাগরিকত্ব প্রমাণের সনদ হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশন প্রদত্ত সনদ দাখিল করতে হবে;

গ. যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোনো সরকার বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না;

১৩. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১৪. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করে;

১৫. নির্বাচিত প্রার্থীদের বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাদি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ২০২০ দ্বারা নিয়ন্ত্রিত হবে;

১৬. নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

১৭. বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের **Web Site: www.bba.gov.bd**-তে পাওয়া যাবে। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইটে পাওয়া যাবে; এবং

১৮. ই-রিক্রুটমেন্ট সংক্রান্ত যে কোন সমস্যা হলে ফোনে সহায়তা: **০১৭০০৭১৬৩১৮ (সকাল ০৮.০০ থেকে দুপুর ১২.০০ টা পর্যন্ত), ০১৭০০৭১৬৩৩২ (দুপুর ১২.০১ থেকে বিকাল ০৪.০০ টা পর্যন্ত) এবং ০১৭০০৭১৬৪৯৯ (বিকাল ০৪.০১ থেকে রাত ১০.০০ টা পর্যন্ত)।**

14-11-2022

(শেখ ইশতিয়াক আহমেদ)

উপপরিচালক (প্রশাসন)